



কি পড়বে? কেন পড়বে?

SURVEY TABLE

কতটুকু পড়বে? কিভাবে পড়বে?

CONCEPT NO	MAGNETIC DECISION [যা পড়বে]	MAKING DECISION [যে কারণে পড়বে]								VVI For This Year	
		DU	JU	RU	CU	GST	MAT	DAT	HSC	WRITTEN	MCQ
CONCEPT-01	ভাইরাস	90%	90%	90%	90%	90%	90%	90%	90%	★★★	★★★
CONCEPT-02	ব্যাকটেরিয়া	90%	90%	90%	90%	90%	90%	90%	90%	★★★	★★★
CONCEPT-03	ম্যালেরিয়া	90%	90%	90%	90%	90%	90%	90%	90%	★★★	★★★

DU = Dhaka University, JU = Jahangirnagar University, RU = Rajshahi University, CU = Chittagong University, GST = General University/Science & Technology University, MAT = Medical Admission Test, DAT = Dental Admission Test

◀ CONCEPT ▶ 01 ভাইরাস

ভাইরাস নিউক্লিক এসিড (কেন্দ্রে) ও প্রোটিন (আবরণ) দিয়ে গঠিত অতি আনুবীক্ষণিক অকোষীয় বস্তু যার অর্থ বিষ।

○ ITEM 01 ভাইরাসের ইতিহাস

বিজ্ঞানীর নাম	অবদান	সাল
এডলফ মায়ার*	সর্বপ্রথম ভাইরাস সৃষ্ট মোজাইক রোগ বর্ণনা করেন।	১৮৮৬*
দিমিত্রি আইভানোভস্কি	মোজাইক রোগের জীবাণু ব্যাকটেরিয়া হতে ক্ষুদ্র, ইহা প্রমাণ করেন। ভাইরাসের আবিষ্কারক।	১৮৯২
Martinus Beijerinck (মার্টিনাস বিজারিন্ক)	তামাকের মোজাইক রোগের ভাইরাসকে টোবাকো মোজাইক ভাইরাস বা TMV হিসেবে উল্লেখ করেন।	১৮৯৮
স্ট্যানলি (ভাইরোলজির জনক)*	রোগাক্রান্তপাতা থেকে মোজাইক ভাইরাস পৃথক ও কেলাসিত করেন এবং এই কারণে নোবেল ১৯৪৬ প্রাইজ পান।	১৯৩৫
লুই পাস্তুর*	জলাতংকের টিকা আবিষ্কার করেন।	১৯৪৬*
N.W. Pirie and F.C. Bawden	ভাইরাসের রাসায়নিক প্রকৃতি বর্ণনা করেন।	১৯৩৭
শেফারম্যান ও মরিচ*	সায়ানোফায়ের আবিষ্কারক।	১৯৫১
A. Lowff	A Virus is a virus বলেন।	১৯৫২
গ্যালো*	এইডস রোগের ভাইরাস আবিষ্কারক।	১৯৮৪
Hervey J. Alter*	নীরব ঘাতক হেপাটাইটিস-সি।	১৯৮৯
Walter Reed (ওয়াল্টার রিড)	মানবদেহের পীত জ্বর (Yellow fever) সৃষ্টিকারী ভাইরাস আবিষ্কার করেন।	১৯৩১*
Salle	ভাইরাস রাসায়নিক অণু ও সজীব কোষের মধ্যবর্তী পর্যায়ের এক প্রকার বস্তু-মতবাদের প্রবক্তা।	১৯৭৪
দা হেরেলি	ব্যাকটেরিয়া আক্রমণকারী ভাইরাসকে ব্যাকটেরিও ফায় নামে অভিহিত করেন।	-


(Ref: হাসান স্যার, আজিবুর স্যার)

○ ITEM 02 ভাইরাসের বৈশিষ্ট্য

➤ ভাইরাসের বৈশিষ্ট্যসমূহকে দু'ভাগে ভাগ করা যায়:

A. জড়-রাসায়নিক বৈশিষ্ট্য:

- ভাইরাস জীবকোষের সাহায্য ছাড়া স্বাধীনভাবে প্রজননক্ষম নয়।
- ব্যাকটেরিয়ারোধক ফিল্টারে ভাইরাস ফিল্টারযোগ্য নয়।
- জীবকোষের বাইরে ভাইরাস রাসায়নিক কণার মতো নিষ্ক্রিয়।
- ভাইরাসের দৈহিক বৃদ্ধি নেই।
- ভাইরাসকে পানিতে মেশানো যায়।
- জীব ও জড়ের সেতুবন্ধন হলো ভাইরাস।
- ভাইরাস অকোষীয়। এদের সাইটোপ্লাজম, কোষঝিল্লি, কোষপ্রাচীর, রাইবোসোম, মাইটোকন্ড্রিয়া এসব নেই।
- এদের নিজস্ব কোনো বিপাকীয় এনজাইম এবং পুষ্টি ক্রিয়া নেই।
- ভাইরাসকে কেলাসিত করা যায়, সেন্ট্রিফিউজ করা যায়, ব্যাপন করা যায়, পানির সাথে মিশিয়ে সাসপেনশন তৈরি করা যায়, তলানিকরণ করা যায়।



B. জীব বৈশিষ্ট্য:

- পোষক কোষের অভ্যন্তরে ভাইরাস সংখ্যা বৃদ্ধি করতে পারে।
- নতুন সৃষ্ট ভাইরাসে মূল ভাইরাসের বৈশিষ্ট্য বজায় থাকে, অর্থাৎ একটি ভাইরাস তার অনুরূপ ভাইরাস জন্ম দিতে পারে।
- ভাইরাস সুনির্দিষ্টভাবে বাধ্যতামূলক পরজীবী।
- ভাইরাস মিউটেশন ঘটাতে এবং প্রকরণ তৈরি করতে সক্ষম।
- প্রোটিন আবরণ এন্টিজেন গুণাবলি বহন করে।

➤ **ভাইরাসের আকৃতি:** ভাইরাস সাধারণত 12nm (পোলিও) থেকে 300nm (TMV) হয়। গবাদী পশুর ফুট অ্যান্ড মাউথ (8-12 nm) রোগ সৃষ্টিকারী ভাইরাস সবচেয়ে ক্ষুদ্র। ভ্যাকসিনিয়া ও ভ্যারিওলা 280-300 nm।

➤ **ভাইরাসের পরজীবিতা:** ভাইরাসের পরজীবিতা সাধারণত সুনির্দিষ্ট অর্থাৎ সুনির্দিষ্ট প্রকারের ভাইরাস কোনো সুনির্দিষ্ট জীবদেহে পরজীবী হয়। যে সব ভাইরাস আদি কোষকে আক্রমণ করে, আর যে সব ভাইরাস প্রকৃত কোষকে আক্রমণ করে তারা ভিন্ন প্রকৃতির। প্রকৃতপক্ষে কোনো ভাইরাসের প্রোটিন আবরণটিই নির্ণয় করে তার আক্রমণের সুনির্দিষ্টতা। পোষক কোষে কোনো ভাইরাস- প্রোটিনের জন্য রিসেপ্টর সাইট থাকলে তবেই ঐ ভাইরাস ঐ পোষক কোষকে আক্রমণ করতে পারবে।

(Ref: হাসান স্যার, আজিবুর স্যার, বিলকিস বানু ম্যাডাম)

ITEM 03 ভাইরাসের গঠন

➤ ভাইরাসের গঠনকে ৩ ভাগে ভাগ করা যায়।

(i) কেন্দ্রীয় বস্তু: DNA অথবা RNA থাকে




(ii) ক্যাপসিড:

- প্রোটিন নির্মিত
- এন্টিজেন হিসেবে কাজ করে
- ক্যাপসোমিয়ার নামক একক নিয়ে গঠিত
- প্রতিটি ভিরিয়নে সর্বোচ্চ ২০০০ থেকে ২১৩০ টি ক্যাপসিড থাকে।
- ক্যাপসিডের বহিঃস্থ আবরণ মসৃণ বা কন্টকিত হতে পারে। কন্টোকগুলোকে স্পাইক বলে।

(iii) বহিঃস্থ আবরণ: লিপিড বা লিপোপ্রোটিন স্তরের একককে পেপলোমিয়ার বলা হয়। লিপোপ্রোটিন আবরণবিশিষ্ট ভাইরাসকে লিপোভাইরাস বলা হয়।

(Ref: হাসান স্যার)

ITEM 04 ভাইরাসের শ্রেণিবিন্যাস


শ্রেণিবিন্যাসের ভিত্তি	শ্রেণিবিন্যাস	উদাহরণ
আকৃতি	দণ্ডাকার (Rod-shaped)*	<p style="text-align: center;">A T M</p> <p style="text-align: center;">α-α-মোজাইক TMV মাম্পস</p> 
	গোলাকার (Spherical)	<p style="text-align: center;">Tamim . P h D</p> <p style="text-align: center;">TIV পোলিও HIV ডেঙ্গু</p> 
	ঘনাক্ষত্রাকার (Cabical/Polygonal)*	<p style="text-align: center;">হা ভা</p> <p style="text-align: center;">হার্পিস ভ্যাকসিনিয়া</p> 
	ব্যাঙ্গাচি আকার (Tadpole shaped)	T ₂ , T ₄ , T ₆
	সিলিন্ড্রিক্যাল/সূত্রাকার* (Cylindrical/Thread shaped)	ইমরানের মোটর বাইক ↓ ↓ ইবোলা মটরের স্ট্রিক
	ডিম্বাকার (Oval shaped)	ইনফ্লুয়েঞ্জা
	বুলেটাকার	র্যাবডো ভাইরাস
	পাউরুটি আকার	ভ্যাকসিনিয়া ভাইরাস
প্লেট আকৃতি	তামাকের নেফ্রোসিস ভাইরাস	
নিউক্লিক এসিড*	DNA	➤ অধিকাংশ প্রাণী ভাইরাস (ইনফ্লুয়েঞ্জা, পোলিও র্যাবিস, HIV ব্যতিক্রম), সায়ানোফায় ও ব্যাকটেরিওফায়ে DNA থাকে।

শ্রেণিবিন্যাসের ভিত্তি	শ্রেণিবিন্যাস	উদাহরণ																			
		হৃন্দ	টিপুর	ভাই	টিটু	ভ্যানিলা	হতে	ফ্রাঙ্গে	এলো												
		উদাহরণ	TIV	ভ্যারিওলা	T ₂	ভ্যাক্সিনিয়া	হার্পিস, হেপাটাইটিস বি	ফুলকপির মোজাইক	এডিনো												
	RNA	➤ Parvoviridae গোত্রের (ϕ X ₁₇₄ ও M ₁₃ কলিফায়) ভাইরাসের DNA একসূত্রক। ➤ অধিকাংশ উদ্ভিদ ভাইরাসে RNA থাকে (ফুলকপির মোজাইক ভাইরাস ব্যতিক্রম) ➤ RNA ভাইরাস: TMV, HIV, ডেঙ্গু, পোলিও, মাস্পস, রেবিস, চিকুনগুনিয়া, করোনা ভাইরাস। ➤ Reoviridae গোত্রের (রিওভাইরাস, ধানের বামন রোগের ভাইরাস) ভাইরাসের RNA দ্বিসূত্রক।																			
বহিস্থ আবরণ	বহিঃস্থ আবরণহীন	TMV, T ₂																			
	বহিঃস্থ আবরণী*	ইনফ্লুয়েঞ্জা, হার্পিস, HIV, পক্স, করোনা ভাইরাস																			
পোষকদেহ	উদ্ভিদ ভাইরাস	TMV, BYV																			
	প্রাণী ভাইরাস	HIV, ভ্যাকসিনিয়া																			
	ব্যাকটেরিওফায়	T ₂ , T ₄ , T ₆																			
	সায়ানোফায়	LPP ₁ , LPP ₂																			
অন্যান্য ধরন	ইমার্জিং ভাইরাস*	আদি পোষক থেকে পরে নতুন পোষক প্রজাতিতে রোগ সৃষ্টিকারী এসব ভাইরাসকে বলা হয় ইমার্জিং ভাইরাস। <table border="1" style="margin-left: auto; margin-right: auto;"> <tr> <td>H</td> <td>E</td> <td>N</td> <td>S</td> </tr> <tr> <td>↓</td> <td>↓</td> <td>↓</td> <td>↓</td> </tr> <tr> <td>HIV</td> <td>Ebola</td> <td>Nile</td> <td>SARS</td> </tr> </table>								H	E	N	S	↓	↓	↓	↓	HIV	Ebola	Nile	SARS
	H	E	N	S																	
↓	↓	↓	↓																		
HIV	Ebola	Nile	SARS																		
	মাইকোফায়	যে সব ভাইরাস ছত্রাককে আক্রমণ করে।																			
বিজ্ঞানী Holmes-এর অনুসারে	Phaginae	ব্যাকটেরিয়া আক্রমণকারী ভাইরাস।																			
	Phytophaginae	উদ্ভিদ আক্রমণকারী ভাইরাস।																			
	Zoophaginae	প্রাণী আক্রমণকারী ভাইরাস।																			

(Ref: হাসান স্যার, আজিবুর স্যার, মাহফুজা ম্যাডাম, বিলকিস বানু ম্যাডাম)

ITEM 05 TMV সম্পর্কিত তথ্য


- দন্ডাকৃতির ভাইরাস।
- দৈর্ঘ্য ২৮০nm (মতান্তরে ৩০০nm), দৈর্ঘ্য প্রস্থের প্রায় ১৭ গুণ।
- প্রস্থ ১৫nm (মতান্তরে ১৮nm)।
- RNA এবং প্রোটিন দিয়ে গঠিত। একে ক্যাপসিড বলে।
- ক্যাপসিড বহু উপ-একক (ক্যাপসোমিয়ার) দিয়ে গঠিত।
- ২১৩০-২২০০ ক্যাপসোমিয়ার থাকে। প্রতিটিতে ১৫৮টি অ্যামিনো এসিড থাকে।
- ক্যাপসিডের অভ্যন্তরে একসূত্রক RNA কোর আছে। এটি ৬৫০০ নিউক্লিওটাইড দ্বারা গঠিত। এর প্রায় শতকরা ৯৫ ভাগই প্রোটিন।



(Ref: হাসান স্যার, আজিবুর স্যার)

ITEM 06 T₂ ব্যাকটেরিওফায় ভাইরাস সম্পর্কিত তথ্য


- T₂ সর্বাধিক পরিচিত ভাইরাস।
 - দেহকে 2টি প্রধান অংশে ভাগ করা যায়।
- (i) মাথা:
- স্ফীত এবং ষড়ভুজাকৃতির।
 - প্রোটিন অনু দিয়ে গঠিত।
 - স্ফীত অংশে দ্বি-সূত্রক DNA রয়েছে। দেহের মোট ওজনের ৫০% ই DNA।
 - ৬০,০০০ জোড়া নিউক্লিওটাইড দিয়ে DNA গঠিত। ১৫০টি জিন থাকে।
- (ii) লেজ:
- উপরিভাগে সুস্পষ্ট চাকতির মত একটি কলার আছে।
 - DNA নেই।
 - নিচের দিকে ১টি বেসপ্লেট, কাঁটার মত কয়েকটি স্পাইক এবং ৬টি স্পর্শক তন্ত্র আছে। সব প্রোটিন দিয়ে গঠিত।
 - নিউক্লিয়াস, কোষঝিল্লি, সাইটোপ্লাজম, কোষ প্রাচীর ও অন্য কোন ক্ষুদ্রাঙ্গ নেই।



➤ ব্যাকটেরিওফায় এর জীবনচক্র:

- বিজ্ঞানী ডি. হেরেলী ব্যাকটেরিয়া আক্রমণকারী ভাইরাসকে ব্যাকটেরিওফায় নামে অভিহিত করেন। বিশেষ উপায়ে ভাইরাসের সংখ্যা বৃদ্ধি হয়ে থাকে এবং প্রতিটি নতুন ভাইরাস দেখতে একই রকম।

ব্যাকটেরিওফায়ের জীবনচক্র



07	ITEM 07	ভাইরাসের অর্থনৈতিক গুরুত্ব
-----------	----------------	-----------------------------------

➤ ভাইরাসের অপকারিতা:

(i) ভাইরাস ঘটিত রোগ:

ছন্দ	হায়	হায়	দেশে	বসন্তের	মাস	এল	ভাইকে	ফু	ইনফ্লুয়েঞ্জা	জ্বরে	পেলো
উদাহরণ	হাম	হার্পিস	ডেঙ্গু	বসন্ত	মাম্পস	এডিনো	ভাইরাল হেপাটাইটিস	বার্ডফু, সোয়াইন ফু	ইনফ্লুয়েঞ্জা	জলাতঙ্ক	পোলিও

(ii) ভাইরাসঘটিত রোগ এবং তাদের পোষক:

রোগের নাম	পোষক দেহ	ভাইরাসের নাম	রোগের নাম	পোষক দেহ	ভাইরাসের নাম
AIDS (রোগ নয়, লক্ষণ সমষ্টি)	মানুষ	HIV ভাইরাস	বার্ড ফু *	হাঁস-মুরগি, পাখি	ইনফ্লুয়েঞ্জা (H ₅ N ₁) ভাইরাস
ডেঙ্গু	মানুষ	ফ্ল্যাভিভাইরাস	জডিস *	মানুষ	হেপাটাইটিস-বি ভাইরাস
জলাতঙ্ক *	মানুষ	র্যাবিস ভাইরাস	Swine flue *	মানুষ, শূকর	ইনফ্লুয়েঞ্জা (H ₁ N ₁) ভাইরাস
গুটি বসন্ত	মানুষ	ভেরিওলা ভাইরাস	ধানের টুংরো রোগ	ধান	টুংরো ভাইরাস
হাম	মানুষ	রুবিওলা ভাইরাস	কলার বানচি টপ রোগ	কলা	বানচি টপ ভাইরাস
পোলিওমাইলাইটিস	মানুষ	পোলিও ভাইরাস	গোল আলুর মোজাইক রোগ	গোলআলু	পট্যাটো মোজাইক ভাইরাস
ইনফ্লুয়েঞ্জা	মানুষ	ইনফ্লুয়েঞ্জা ভাইরাস	তামাকের মোজাইক রোগ *	তামাক	টোবাকো মোজাইক ভাইরাস
হার্পিস	মানুষ	হার্পিস সিমপ্লেক্স ভাইরাস	সিমের মোজাইক রোগ	সিম	বীন মোজাইক ভাইরাস
ভাইরাল হেপাটাইটিস	মানুষ	হেপাটাইটিস-বি ভাইরাস	টমেটোর বুশিস্টান্ট রোগ *	টমেটো	বুশিস্টান্ট ভাইরাস
চিকুনগুনিয়া *	মানুষ	চিকুনগুনিয়া ভাইরাস	ক্যাপোসি সার্কোমা	মানুষ	হার্পিস সিমপ্লেক্স

(iii) ভাইরাস ও মানুষের ক্যাসার: মানুষের প্রায় ৮৫% ক্যাসার হয়ে থাকে জেনেটিক মিউটেশনের মাধ্যমে এবং প্রায় ১৫% ক্যাসার হয়ে থাকে ভাইরাস নিয়ে। যেমন:

ক্যাসার	সংযুক্ত ভাইরাস
লিভার ক্যাসার	হেপাটাইটিস-বি ভাইরাস
লিফোমা: ন্যাসোফ্যারিঞ্জিয়েল ক্যাসার	ইপস্টেইন-বার ভাইরাস
টি-সেল লিউকেমিয়া	হিউম্যান টি-সেল লিউকেমিয়া ভাইরাস
এনোজেনিটাল ক্যাসার	প্যাপিলোমা (ওয়াট) ভাইরাস
ক্যাপোসি সার্কোসা	হার্পিস সিমপ্লেক্স ভাইরাস

(iv) প্রাণীদেহে আক্রমণকারী বিভিন্ন ভাইরাস:

ভাইরাস	গুরুত্বপূর্ণ তথ্য
ইবোলা ভাইরাস	ইবোলা ভাইরাস একসূত্রক RNA দ্বারা গঠিত। আফ্রিকার জায়র-এ Ebola virus-এর আক্রমণে মহামারী দেখা দেয়। Ebola ভাইরাসের আক্রমণে দেহের কোষ ফেটে যায়। এ ভাইরাস দ্বারা আক্রান্ত হয়ে ১৯৭৬ সালে আফ্রিকার কঙ্গোর ইবোলা নদীর তীরে প্রথম এক কৃষক মারা যায়।
জিকা ভাইরাস	জিকা একটি ফ্ল্যাভিভাইরাস যা Flaviviridae গোত্রের RNA ভাইরাস। বর্তমানে <i>Aedes aegypti</i> , <i>A. albopictus</i> মশকীর মাধ্যমে ছড়ায়। গর্ভবতী নারীদের দেহে জিকার সংক্রমণ হলে নবজাতক শিশু অপেক্ষাকৃত ছোট আর অপরিণত মস্তিষ্ক নিয়ে জন্মায়। চিকিৎসকের ভাষায় এ ত্রুটিকে মাইক্রোসেফালি বলা হয়।
নিপা ভাইরাস	নিপা ভাইরাস Paramyxoviridae পরিবারভুক্ত একটি RNA ভাইরাস যার গণ নাম <i>Henipavirus</i> । স্বসন জটিলতায় মানুষ ও গৃহপালিত পশুপাখির মৃত্যু ঘটে।
SARS	COVID-19, যার উৎপত্তি চীনের উহান শহরে, বর্তমানে এটি মহামারি আকার ধারণ করেছে। [বিস্তারিত বইয়ের প্রথমে দেখা]
চিকুনগুনিয়া	এটি এক প্রকার RNA ভাইরাসজনিত জ্বর। এ ভাইরাস α গোত্রভুক্ত। <i>Aedes aegypti</i> , <i>A. albopictus</i> মশকী দ্বারা ভারতীয় উপমহাদেশে এ রোগ ছড়ায়। প্রথম আবিষ্কৃত হয় ১৯৫২ সালে আফ্রিকার তানজানিয়ায়। ২০০৮ সালে বাংলাদেশে প্রথম এ রোগ ধরা পড়ে, তবে ব্যাপক বিস্তার লাভ করে ২০১৭ সালে।

➤ ভাইরাসের উপকারিতা:

(i) ভাইরাস দিয়ে তৈরি রোগের প্রতিষেধক :

ছন্দ	পাশে	বসা	প্রিয়া	জঙ্গলে	টাইগার	দেখতে যায়
প্রতিষেধক	পোলিও	বসন্ত	প্লেগ	জলাতরু	টাইফয়েড	জন্ডিস

(ii) অন্যান্য ক্ষেত্রে:

- যুক্তরাষ্ট্রে Nuclear polyhydrosis virus কে পতঙ্গনাশক হিসেবে ব্যবহার করা হয়।
- জেনেটিক প্রকৌশল এ ব্যবহৃত হয়।
- ক্ষতিকর ব্যাকটেরিয়া ও কীটপতঙ্গ দমন।
- লাল টিউলিপ ফুলে সাদা দাগ ফেলে এতে ফুলের সৌন্দর্য ও দাম বেড়ে যায়, একে ব্রোকেন টিউলিপ বলে।
- মিস্রো ভাইরাসের সাহায্যে অতিরিক্ত খরগোশ নিধন করা হয়।



(Ref: হাসান স্যার, আজিবুর স্যার, মাহফুজা ম্যাডাম, বিলকিস বানু ম্যাডাম)

ITEM 08 হেপাটাইটিস

ভাইরাস দ্বারা আক্রান্ত হয়ে লিভার প্রদাহ হলে তাকে ভাইরাল হেপাটাইটিস বা সংক্ষেপে হেপাটাইটিস বলা হয় এটি জন্ডিসের অন্যতম কারণ।

➤ হেপাটাইটিস ভাইরাসের প্রধান প্রধান বৈশিষ্ট্য:

বৈশিষ্ট্য	HAV	HBV	HCV	HDV	HEV
ভাইরাস গ্রুপ	এন্টারো ভাইরাস	হেপাডিএনএ ভাইরাস	ফ্ল্যাভি ভাইরাস	অসম্পূর্ণ ভাইরাস	ক্যালিসি ভাইরাস
নিউক্লিক অ্যাসিড	RNA	DNA	RNA	RNA	RNA
সুপ্তকাল*	১৪-২৮ দিন	৪৫-১৮০ দিন	১৪-১৮০ দিন	২১-৪৯ দিন	২১-৫৬ দিন

➤ লক্ষণ

- জ্বর, মাথা ব্যথা, পেট ব্যথা, ক্ষুধামন্দা, খাবারে অরুচি, বমি বমি ভাব, দুর্বলবোধ, পাতলা পায়খানায়, হাড়ের গিটে ব্যথা ইত্যাদি।
- পরবর্তীতে প্রসাব হলুদ হয়, চোখের সাদা অংশ এবং সমস্ত শরীর হলুদ দেখায়, পেটে ও পায়ে পানি জমা হয়।

➤ নিয়ন্ত্রণ ও প্রতিকার

- মূল চিকিৎসা হলো রোগীকে ১০-১২ দিন পূর্ণ বিশ্রামে রাখা। গ্লুকোজের সরবত খাওয়ায় উপকার পাওয়া যায়। অড়হড় পাতা, ভুঁই আমলার পাতা ইত্যাদির রস খাওয়ায় উপকার পেয়েছেন বলেও অনেক দাবি করেছেন। Amoxycillin, Metronidazole, ভিটামিন-সি প্রভৃতি ঔষধ খাওয়াতে হবে।

➤ প্রতিরোধ

- একমাত্র উপায় হলো প্যান্টাভালেট ভ্যাকসিন গ্রহণ করা।
- হেপাটাইটিস B এর ভ্যাকসিন ডোজ ৪টি। প্রথম ৩টি একমাস পরপর, ৪র্থ টি প্রথম ডোজ থেকে এক বছর পর।
- পাঁচ বছর পর বুস্টার ডোজ নিতে হবে।
- রক্ত পরীক্ষা করে HBsAg পজিটিভ হলে হেপাটাইটিস-B ভাইরাস আক্রান্ত বলে ধরে নেয়া হয় এবং তাকে ভ্যাকসিন দেয়া যায় না।
- রক্ত দেওয়া ও নেওয়ায় সাবধান হতে হবে।

Must to Know:

- হেপাটাইটিস রোগের কারণ হেপাটাইটিস-B ভাইরাস
- হেপাটাইটিস-C, হেপাটাইটিস B অপেক্ষা অধিক মারাত্মক।
- হেপাটাইটিস C কে তুষের আগুন বলা হয়।



(Ref: হাসান স্যার, আজিবুর স্যার, মাহফুজা ম্যাডাম, আজমল স্যার)

ITEM 09 ডেঙ্গুজ্বর

➤ কারণ:

- ভাইরাসের নাম ফ্লাভি ভাইরাস বা ডেঙ্গী ভাইরাস।
- এটি একটি RNA ভাইরাস।
- এই ভাইরাসের বাহক *Aedes Aegypti* L, *Aedes Albopictus* নামক মশকী।

➤ লক্ষণ: ভাইরাসবাহী এডিস মশকী কামড়ানোর দুই থেকে সাত দিনের মধ্যে রোগ প্রকাশ পায়। লক্ষণ অনুসারে ডেঙ্গুজ্বর তিন প্রকার।

01. সাধারণ ডেঙ্গুজ্বর:

- প্রথমে শীত শীত ভাব হয়ে হঠাৎ জ্বর।
- জ্বর ১০৩-১০৫° ফারেনহাইট হয়ে থাকে।
- ডেঙ্গুজ্বরে রোগীর প্রচণ্ড মাথাব্যথা, কপালে ব্যথা, গলা ব্যথা হয়।
- মেরুদণ্ডের ব্যাথাসহ কোমরে ব্যাথা এই রোগের বিশেষ লক্ষণ।
- শরীরে লালচে রঙের র্যাশ দেখা দিতে পারে।
- বমি বমি ভাব ও খাবারে অরুচি হতে পারে।

02. হেমোরাজিক ডেঙ্গুজ্বর:

- কয়েকদিন পর রোগীর নাক, মুখ, দাঁতের মাড়ি ও ত্বকের নিচে রক্তক্ষরণ দেখা দেয়।
- পায়খানার সাথে রক্ত যেতে পারে, রক্ত বমি হতে পারে, চোখে রক্ত জমাট হতে পারে।
- রক্তে প্রোটিনেট ভীষণ হ্রাস পায় ও রক্ত জমাট বাঁধতে পারে না।

03. ডেঙ্গু শক সিনড্রোম:

- হেমোকনসেনট্রেশন ঘটতে দেখা যায়।

Must To Know: তিন ধরনের ডেঙ্গুজ্বরের মধ্যে হেমোরাজিক জ্বর ও ডেঙ্গু শক সিনড্রোম অত্যন্ত মারাত্মক।

➤ রোগ নির্ণয়:

- সেরোলজি: NS₁ রক্ত পরীক্ষায় IgM অ্যান্টিবডি উপস্থিত থাকতে পারে অথবা তীব্র সংক্রামিত রং-এ অ্যান্টিবডির পরিমাণ চার গুণ পর্যন্ত বৃদ্ধি পেতে পারে।
- প্রোটিনেট পরীক্ষা: রক্তের অনুচক্রিকার সংখ্যা ১৫০০০/mm³ এর অনেক নিচে নেমে আসে।
- সেল কালচার: রক্ত কণিকা কালচার করেও ভাইরাস শনাক্ত করা যায়।

➤ প্রতিকার:

- ডেঙ্গুজ্বরে রোগীতে “এসপিরিন” জাতীয় ঔষধ মারাত্মক পরিণতি দেখা দিতে পারে।
- ব্যথা ও জ্বর কমানোর জন্য প্যারাসিটামল জাতীয় ঔষধ দিতে পারে।
- মাথায় পানি ঢালা, গায়ের ঘাম মুছে দেয়া, ভেজা কাপড় দিয়ে স্পঞ্জ করে দেয়া রোগীর জন্য ফলদায়ক।

➤ প্রতিরোধ:

- ডেঙ্গু মশা নিধন করাই প্রতিরোধের প্রধান উপায়।
- সম্প্রতি আমেরিকার ফ্লোরিডাতে জেনেটিক ইঞ্জিনিয়ারিং প্রযুক্তিতে পতঙ্গনাশক ছাড়াই ডেঙ্গু মশা নিধনের ব্যবস্থা আবিষ্কৃত হয়েছে।

(Ref: হাসান স্যার, আজিবুর স্যার, মাহফুজা ম্যাডাম, বিলকিস বানু ম্যাডাম)



ITEM 10 পেঁপের রিংস্পট রোগ

➤ ভাইরাসের নাম: Papaya Ringspot Virus Type (PRSV-P)

➤ রোগের লক্ষণ:

- গাছে: আক্রমণের ২-৩ সপ্তাহের মধ্যে লক্ষণ প্রকাশ পেতে থাকে। কাণ্ডে গাঢ় সবুজ বর্ণের আঁকাবাকা দাগ দেখা যায়।
- পাতায়: বিকৃতিসহ গোলাকার দাগ, আয়তন হ্রাস, বিভিন্ন মাত্রায় হলদে রং দেখা যায় ফলে গাঢ় সবুজ বর্ণের রিং আকারের দাগ দেখা যায়।
- ফলন: শতকরা ৯০ ভাগ পর্যন্ত হ্রাস পায়।

☑ রোগের বিস্তার: এফিড (*Aplus gossypii*, *Myzus persicae*) জাতীয় পতঙ্গ (জাব পোকা ও সাদা মাছি) দ্বারা এ রোগ ছড়ায়। কুমড়া জাতীয় উদ্ভিদেও মোজাইক রোগের সৃষ্টি করে।

জেনে রাখা ভাল: জীব প্রযুক্তির মাধ্যমে হাওয়াই-এ পেঁপের জাত (রেইনবো ও সানআপ) উদ্ভাবন করা হয়েছে যেটি PRSV (Papaya Ringspot Virus) প্রতিরোধী।

(Ref: হাসান স্যার, আজিবুর স্যার, বিলকিস বানু ম্যাডাম)

SAQ
Short Ans Question

WRITTEN SUGGESTION

BAQ
Broad Ans Question

◆ ভাইরাস কী?

উত্তর: ভাইরাস হলো নিউক্লিক অ্যাসিড ও প্রোটিন দিয়ে গঠিত রোগসৃষ্টিকারী অতি-আণুবীক্ষণিক সত্তা।

[য. বো. ২০১৬]

◆ “ভাইরাস সজীব ও জড় বস্তুর মাঝামাঝি পর্যায়ের একটি সত্তা”-ব্যাখ্যা কর।

উত্তর: ভাইরাস জীবও নয় জড়ও নয়। এটি যখন জীবের অবস্থান করে তখন সে সক্রিয় হয় কিন্তু জড় বস্তুতে সক্রিয় হয় না তাই একে সজীব ও জড় বস্তুর মাঝামাঝি সত্তা বলে অভিহিত করেন বিজ্ঞানী A.M. Lwoff।

[JnU. 19-20]

◆ ভাইরাস (Virus), ভিরিয়ন (Virion) ও ভিরয়েড (Viroid) বলতে কি বুঝ? ডেঙ্গুজ্বরের কারণ ও লক্ষণসমূহ লিখ।

[JnU. 18-19, Shift-1, চ.বো. ২০১৬]

উত্তর: ভাইরাস (Virus): ভাইরাস হলো নিউক্লিক এসিড (কেন্দ্রীয় অংশ) ও প্রোটিন (আবরণ) দিয়ে গঠিত অকোষীয়, অতি-আণুবীক্ষণিক সত্তা, বাধ্যতামূলক পরজীবী জৈবকণা যা জীবদেহের অভ্যন্তরে সক্রিয় হয়ে রোগ সৃষ্টি করে কিন্তু জীবদেহের বাইরে নিষ্ক্রিয় অবস্থায় বিরাজ করে।

ভিরিয়ন (Virion): নিউক্লিক অ্যাসিড ও একে ঘিরে অবস্থিত ক্যাপসিড সমন্বয়ে গঠিত এক একটি সংক্রমণ ক্ষমতাসম্পন্ন সম্পূর্ণ ভাইরাস কণাকে ভিরিয়ন বলে।

ভিরয়েড (Viroid): ভিরয়েড হলো এক সূত্রক বৃত্তাকার RNA অণু যা কয়েক শত নিউক্লিওটাইড নিয়ে গঠিত এবং ক্ষুদ্রতম ভাইরাস থেকে ও বহুগুণে ক্ষুদ্র।
ডেঙ্গু জ্বরের কারণ : ডেঙ্গু জ্বর একটি ভাইরাস ঘটিত রোগ। এই ভাইরাসের জীবাণুর নাম ফ্ল্যাভিভাইরাস বা ডেঙ্গী ভাইরাস। এটি একটি RNA ভাইরাস। এই ভাইরাসের বাহক হলো *Aedes aegypti* নামক মশকী আর এর পোষক দেহ হলো মানুষ।

ডেঙ্গু জ্বরের লক্ষণ :

- শীত শীত ভাব হয়ে হঠাৎ প্রচণ্ড জ্বর দেখা দেয় (১০৩-১০৫°F)
- রোগীর তীব্র মাথা ব্যথা, চোখের পিছনে ব্যথা, পেট ব্যথা, কপাল ব্যথা ও গলা ব্যথা হয়।
- মেরুদন্ডের ব্যথাসহ কোমরে ব্যথা এই রোগের বিশেষ লক্ষণ।
- শরীরে লালচে রঙের র্যাশ (ফুসকুড়ি) দেখা দিতে পারে।
- বমি বমি ভাব ও খাবারের অরুচি হতে পারে।

◆ **ব্যাকটেরিওফায় কী?**

[য. বো. ২০১৯]

উত্তর: ভাইরাস যখন ব্যাকটেরিয়ার পরজীবী হয় এবং ব্যাকটেরিয়াকে ধ্বংস করে তখন তাকে ব্যাকটেরিওফায় বলে।

◆ **ক্যাপসিড কী?**

[ঢা. বো. ২০১৬]

উত্তর: ভাইরাসের প্রোটিন আবরণকে ক্যাপসিড বলে। এটি সাধারণত জৈবিক দিক দিয়ে নিষ্ক্রিয়।

◆ **ডেঙ্গু জ্বরের জীবাণুর নাম কী?**

[ক্. বো. ২০১৬]

উত্তর: ডেঙ্গু জ্বরের জীবাণুর নাম ফ্ল্যাভিভাইরাস বা ডেঙ্গী ভাইরাস। এটি একটি RNA ভাইরাস।

◆ **লাইটিক চক্র ও লাইসোজেনিক চক্রের পার্থক্য লিখ?**

উত্তর: লাইটিক চক্র ও লাইসোজেনিক চক্রের পার্থক্য :

পার্থক্যের বিষয়	লাইটিক চক্র	লাইসোজেনিক চক্র
গঠনগত	লাইটিক চক্রের মাধ্যমে সমগ্র ভাইরাসটি গঠিত হয়	ভাইরাস DNA অণুর প্রতিলিপি গঠিত হয় কিন্তু সম্পূর্ণ ভাইরাস সৃষ্টি হয় না
কোষের বিদারণ	পোষক ব্যাকটেরিয়া কোষের বিদারণ ঘটে	পোষক ব্যাকটেরিয়ার বিদারণ ঘটে না
আক্রমণের তীব্রতা	আক্রমণের প্রকৃতি তীব্র বা ভিরুলেন্ট (Virulent)	পোষক কোষের মৃত্যু ঘটে না তাই আক্রমণ মৃদু বা টেম্পারেট (Temperate)
পোষকের DNA	পোষক ব্যাকটেরিয়ার DNA বিনষ্ট হয়	পোষক ব্যাকটেরিয়ার DNA-এর সঙ্গে যুক্ত হয়েই ব্যাকটেরিয়ার DNA-এর সঙ্গে ভাইরাল DNA-এর প্রতিলিপি গঠিত হয়
প্রোফায় গঠন	প্রোফায় গঠিত হয় না	প্রোফায় গঠিত হয়
জেনেটিক রিকমিনেশন	ব্যাকটেরিয়ার জেনেটিক রিকমিনেশন পদ্ধতিতে কোনো ভূমিকা নেই। লাইসোজেনিক চক্রে পরিবর্তিত হয় না	ট্রান্সডাকশন প্রক্রিয়ার মাধ্যমে ব্যাকটেরিয়ার জেনেটিক রিকমিনেশন ঘটায়। এছাড়া লাইসোজেনিক রূপান্তরের মাধ্যমে ব্যাকটেরিয়াতে নতুন বৈশিষ্ট্যের সৃষ্টি হয়
উদাহরণ	T ₂ ফায়, T ₄ ফায়, T ₆ ফায় ইত্যাদি	ল্যাম্বডা (λ) ফায়, P ₁ ফায়, M ₁₃ ফায় ইত্যাদি

◆ **ভিরিয়ন, ভিরয়েড ও প্রিয়ন এর মধ্যকার তুলনা কর?**

উত্তর: ভিরিয়ন, ভিরয়েড ও প্রিয়ন এর মধ্যকার তুলনা :

ভিরিয়ন (ভাইরাস)	ভিরয়েড	প্রিয়ন
RNA অথবা DNA থাকে।	RNA থাকে, DNA থাকে না।	নিউক্লিক এসিড থাকে না।
প্রোটিন থাকে।	প্রোটিন থাকে না।	শুধু প্রোটিন থাকে।
উদ্ভিদ ও প্রাণীদের রোগ সৃষ্টি করে।	শুধু উদ্ভিদে রোগ সৃষ্টি করে।	শুধু প্রাণীর রোগ সৃষ্টি করে।



REAL TEST



ANALYSIS OF PREVIOUS YEAR QUESTIONS



STEP 01 ANALYSIS OF DU QUESTION

- যে ভাইরাসে RNA থাকে— [DU. 17-18, 06-07, 05-06, 99-00; IU. 16-17]
 A. উদ্ভিদ ভাইরাস / TMV/ HIV B. প্রাণি ভাইরাস
 C. Bacteriophage D. AIDS [Ans A]
- সংক্রমণ করতে সক্ষম ভাইরাস কণাকে কি বলে? [DU. 13-14; JU. 11-12; JUST. 11-12]
 A. নিউক্লিওক্যাপসিড B. পেপলোমিয়ার
 C. ক্যাপসোমিয়ার D. ভিরিওন [Ans D]
- T₂ ব্যাকটেরিওফায়ে কয়টি জীন থাকে? [DU. 12-13]
 A. 150 B. 145 C. 155 D. 160 [Ans A]
- ব্যাকটেরিওফায় কী? [DU. 10-11]
 A. ভাইরাস ধ্বংসকারী ব্যাকটেরিয়া B. মানবদেহে রোগ সৃষ্টিকারী
 C. ব্যাকটেরিয়া ধ্বংসকারী ভাইরাস D. কোনটিই নয় [Ans C]
- কোনটি ভাইরাসের বৈশিষ্ট্য নয়— [DU. 09-10; JUST. 12-13]
 A. এক কোষ বিশিষ্ট B. নিউক্লিক এসিড আছে
 C. কোষ দেহে বংশ বৃদ্ধিতে সক্ষম D. বাধ্যতামূলক পরজীবী [Ans A]

- কোন রোগটি ভাইরাস জনিত নয়? [DU. 08-09]
 A. Mumps B. AIDS
 C. Measles D. Tuberculosis [Ans D]
- কোনটি ভাইরাস জনিত রোগ? [DU. 08-09, 02-03; JnU. 16-17; CU: F₁, 16-17]
 A. পোলিও/ডেঙ্গু/ হেপাটাইটিস-বি B. কলেরা
 C. টিটেনাস D. বুটলিজম [Ans A]
- T₂ ব্যাকটেরিওফায় এর নিউক্লিক এসিড— [DU. 07-08]
 A. RNA B. Mixture of DNA + RNA
 C. Single helix DNA D. Double helix DNA [Ans D]
- কোনটি অকোষীয়— [DU. 06-07]
 A. ভাইরাস B. ব্যাকটেরিয়া
 C. ফাংগাস D. মস [Ans A]
- ভাইরাস গঠিত হয়— [DU. 03-04, 98-99; MAT. 12-13, 09-10; BAU. 00-01, 02-03, 07-08; IU. 01-02; KU. 11-12; JUST. 12-13]
 A. Protein + Nucleic acid B. Protein + DNA
 C. Nucleic acid + Fats D. Protein + Amino acid [Ans A]

11. নিচের কোনটি দ্বারা HIV গঠিত হয়? [DU. 02-03, 00-01]
 A. Protein + vitamin
 B. Nucleic acid + Protein
 C. Protein + Fats
 D. Glycoprotein + Reverse transcriptase [Ans D]
12. T₂ নামক ভাইরাসে- [DU. 96-97]
 A. DNA থাকে B. শুধু RNA থাকে
 C. DNA + RNA D. RNA মত প্রোটিন থাকে [Ans A]

STEP 02 ANALYSIS OF JU QUESTION

01. ভাইরাসজনিত রোগ কোনটি? [JU-D, Set-A. 20-21]
 A. টমেটোর বুশিস্ট্যান্ট B. লেবুর ক্যাংকার
 C. আলুর স্কাব D. তামাকের ব্লাইট

[Ans A Why] উদ্ভিদের ভাইরাসঘটিত রোগ:

রোগের নাম	উদ্ভিদের নাম	ভাইরাসের নাম
টুংরো রোগ	ধান	টুংরো ভাইরাস
বানচি টপ রোগ	কলা	বানচি টপ ভাইরাস
মোজাইক রোগ	গোলআলু	পট্যাটো মোজাইক ভাইরাস
মোজাইক রোগ	তামাক	টোবাকো মোজাইক ভাইরাস
মোজাইক রোগ	সিম	বীন মোজাইক ভাইরাস
বুশিস্ট্যান্ট রোগ	টমেটো	বুশিস্ট্যান্ট ভাইরাস

02. ভাইরাসজনিত রোগ কোনটি? [JU-D, Set-F. 20-21]
 A. ব্লাইট B. পীত জ্বর
 C. ক্যাংকার D. স্কাব

[Ans B Why] ভাইরাস ঘটিত রোগ:

রোগের নাম	ভাইরাসের নাম
AIDS	HIV ভাইরাস
ডেঙ্গু	ফ্ল্যাভিভাইরাস
জলাতঙ্ক	র্যাবিস ভাইরাস
গুটি বসন্ত	ভেরিওলা ভাইরাস
হাম	রুবিওলা ভাইরাস
পোলিওমাইলাইটিস	পোলিও ভাইরাস
ইনফ্লুয়েঞ্জা	ইনফ্লুয়েঞ্জা ভাইরাস
হার্পিস	হার্পিস সিমপ্লেক্স ভাইরাস
ভাইরাল হেপাটাইটিস	হেপাটাইটিস-বি ভাইরাস
চিকুনগুনিয়া	চিকুনগুনিয়া ভাইরাস
Swine flue	ইনফ্লুয়েঞ্জা (H ₁ N ₁) ভাইরাস
SARS	Nipah virus
জলবসন্ত (Chicken pox)	Varicella Zoster virus
ভাইরাল নিউমোনিয়া	Adeno virus
কোষের লাইসিস (lysis)	Ebola virus
সাধারণ সর্দি	Rhino virus
জডিস বা লিভার ক্যান্সার	হেপাটাইটিস-বি ভাইরাস
পীত জ্বর	ইয়েলো ফিভার ভাইরাস
গো-বসন্ত	ভ্যাকসিনিয়া ভাইরাস
পা ও মুখের ক্ষত	ফুট অ্যান্ড মাউথ ভাইরাস
ইঁদুরের টিউমার	পলিওমা ভাইরাস
ক্যাপোসি সার্কোমা	হার্পিস সিমপ্লেক্স
এনোজেনিটাল ক্যান্সার	পেপিলোমা ভাইরাস
বার্ড ফ্লু	অ্যাডিয়ান ইনফ্লুয়েঞ্জা (H ₅ N ₁)

03. ভাইরাসজনিত রোগ কোনটি? [JU-D, Set-D. 20-21]
 A. গমের টুডু B. ধানের পাতা ধ্বসা
 C. কলার বানচি টপ D. গমের মরিচা
 [Ans C Why] উদ্ভিদের রোগ: প্রায় ৩০০ উদ্ভিদ রোগ ভাইরাসের কারণে সংঘটিত হয়।

- তামাকের মোজাইক → টোবাকো মোজাইক ভাইরাস
 - সিমের মোজাইক → বীন মোজাইক ভাইরাস
 - টমেটোর বুশিস্ট্যান্ট → টমেটো বুশিস্ট্যান্ট ভাইরাস
 - ধানের টুংরো রোগ → টুংরো ভাইরাস
 - কলার বানচি টপ রোগ → বানচি টপ ভাইরাস
04. কোন উদ্ভিদে বানচি টপ রোগ হয়? [JU: Unit-D; Set-I,19-20, 17-18]
 A. শিম B. ধান C. কলা D. টমেটো

[Ans C Why] উদ্ভিদের বিভিন্ন রোগ:

উদ্ভিদের নাম	রোগের নাম
তামাক	মোজাইক
কলা	বানচি টপ
গোল আলু	মোজাইক
টমেটো	বুশিস্ট্যান্ট
শিম	বিন মোজাইক
ধান	টুংরো

05. কোন উদ্ভিদে টুংরো রোগ হয়? [JU: Unit-D; Set-A/B,19-20]
 A. ধান B. তামাক C. কলা D. গোল আলু

[Ans A Why] উদ্ভিদের বিভিন্ন রোগ: [JU: 19-20, Set-I এর প্রশ্নের ব্যাখ্যা দেখো]

06. ভাইরাসের আকার পরিমাপের একক কী? [JU: Unit-D; Set-M,19-20]
 A. মাইক্রোমিটার B. অ্যাংস্ট্রম C. ন্যানোমিটার D. মিলিমিটার

[Ans C Why] ভাইরাস অতি অণুবীক্ষণিক এবং ইলেকট্রন অণুবীক্ষণ যন্ত্র ছাড়া দেখা যায় না। এরা ১২ nm (পোলিও ভাইরাস) থেকে ৩০০ nm (TMV) পর্যন্ত হতে পারে। তবে এদের গড় ব্যাস ৮-৩০০ ন্যানোমিটার (nm)। গবাদিপশুর ফুট অ্যান্ড মাউথ রোগ সৃষ্টিকারী ভাইরাস সবচেয়ে ক্ষুদ্র (৮-১২ nm) সম্প্রতি আবিষ্কৃত 'Pandoravirus' হচ্ছে বৃহত্তম ভাইরাস।

07. RNA ভাইরাসের উদাহরণ কোনটি? [JU: Unit-D; Set-Q,19-20]
 A. M₁₃ কলিফায B. রিওভাইরাস C. ভ্যাকসিনিয়া D. ভ্যারিওলা

[Ans B Why] ভাইরাসের প্রকারভেদ:

- DNA ভাইরাস: T₂ ভাইরাস, ভ্যাকসিনিয়া, ভ্যারিওলা, TIV, এডিহোহার্পিস সিমপ্লেক্স ইত্যাদি ভাইরাস। কলিফায ভাইরাসের DNA একসূত্রক।
- RNA ভাইরাস: TMV, HIV, ডেঙ্গু, পোলিও, মাম্পস, রেবিস ইত্যাদি ভাইরাস। রিওভাইরাস, ধানের বামন রোগের ভাইরাসের RNA দ্বিসূত্রক।

08. ছত্রাককে আক্রমণকারী ভাইরাসকে কী বলে? [JU: Unit-D; Set-I,18-19]
 A. সায়ানোফায B. মাইকোফায
 C. ব্যাকটেরিওফায D. ল্যামডাফায [Ans B]

09. একসূত্র বিশিষ্ট DNA ভাইরাসের উদাহরণ কোনটি? [JU: Unit-D; Set-A,18-19]
 A. TMV B. HIV C. φX174 D. T₂ [Ans C]

10. দ্বিসূত্র বিশিষ্ট DNA ভাইরাসের উদাহরণ কোনটি? [JU: Unit-D; Set-D,18-19]
 A. M₁₃ B. T₂
 C. φX174 D. Reovirus [Ans B]

11. একসূত্র বিশিষ্ট DNA ভাইরাসের উদাহরণ কোনটি? [JU: Unit-D; Set-F,18-19]
 A. T₂ B. M₁₃ C. Hepatitis D. Mu [Ans B]

12. দ্বিসূত্র বিশিষ্ট RNA ভাইরাসের উদাহরণ হলো- [JU: Unit-D; Set-H,18-19, 17-18]
 A. Vaccinia B. φX174 C. M₁₃ D. Reovirus [Ans D]

13. অণুজীব বিজ্ঞানের জনক কে? [JU, Unit-D, Set-H,18-19]
 A. রোনাল্ড রস B. হেগর জোহান মেডেল
 C. হিউগো ড্রি ভিস D. অ্যান্টনি ভন লিউয়েনহুক [Ans D]

14. কোন দেশে জিকা ভাইরাস সর্বপ্রথম দেখা যায়? [JU-D; Set- 03, 17-18]
A. উগান্ডা B. কঙ্গো C. মালয়েশিয়া D. ব্রাজিল **Ans A**
15. কোনটি ভাইরাসঘটিত উদ্ভিদের রোগ? [JU-D; Set- 03, 17-18]
A. ধানের ব্লাইট B. গমের ব্লাস্ট
C. কলার পানাচ D. ধানের টুংরো **Ans D**
16. অধিকাংশ উদ্ভিদ ভাইরাসে জেনেটিক পদার্থ কোনটি? [JU-D; Set- 10, 17-18]
A. DNA B. RNA
C. প্লাজমিড D. সবগুলোই **Ans B**
17. কোনটি উদ্ভিদ ভাইরাস? [JU. 17-18]
A. ফ্ল্যাভি ভাইরাস B. T₂-কাজ C. HIV D. TMV **Ans D**
18. কোনটি শিম গাছের রোগ? [JU. 17-18]
A. টুংরো B. মোজাইক
C. বানচি টপ D. ব্লাইট **Ans B**
19. কোন বিজ্ঞানী তামাকের মোজাইক ভাইরাসকে পৃথক করতে সক্ষম হন? [JU. 16-17]
A. Dimitri Iwanowsky B. Pirie
C. Stanley D. Shafferman **Ans C**
20. কোনটি ভিরিয়ন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়? [JU. 16-17]
A. নিউক্লিক এসিডবিহীন B. সংক্রমণ ক্ষমতা সম্পন্ন
C. পূর্ণাঙ্গ ভাইরাস D. ক্যাপসিড আবরণে আবৃত **Ans A**
21. নিম্নের কোনটি বাধ্যতামূলক পরজীবী? [JU. 15-16]
A. ব্যাকটেরিয়া B. একটিনোমাইসিটিস
C. ভাইরাস D. ছত্রাক **Ans C**
22. প্রাণীর 'ফুট এড মাউথ' রোগসৃষ্টির জন্য দায়ী- [JU. 15-16]
A. ছত্রাক B. ব্যাকটেরিয়া
C. অ্যাকটিনোমাইসিটিস D. ভাইরাস **Ans D**
23. সংক্রমণক্ষম সম্পূর্ণ ভাইরাস কণাকে কি বলে? [JU: 14-15; DU: 13-14; JUST: 12-13]
A. Nucleocapsid B. Virion
C. Prophage D. Viroids **Ans B**
24. কোনটি অধিকতর ব্যতিক্রম? [JU. 14-15]
A. ইনফ্লুয়েঞ্জা B. কলেরা C. টাইফয়েড D. টিটেনাস **Ans A**
25. HIV ভাইরাসে কোনটি নেই? [JU. 14-15; BSMRSTU. 11-12]
A. লিপিড বাইলয়ের আবরণ B. ক্যাপসিড
C. রিভার্স ট্রান্সক্রিপ্টেজ D. DNA/Spike **Ans D**
26. তামাক পাতার মোজাইক রোগের কারণ হিসেবে ব্যাকটেরিয়ার চেয়ে ক্ষুদ্র সংক্রমণযোগ্য অণুজীবের কথা উল্লেখ করেন কে? [JU. 13-14]
A. Jenner B. W M Stanely
C. Dimitri Ivanovsky D. Takahashi **Ans C**
27. মানুষের গুটি বসন্ত রোগের জন্য দায়ী ভাইরাস কোনটি? [JU. 13-14]
A. Vericella-Zoster virus B. Vaccinia virus
C. Rubeola virus D. Variola virus **Ans D**
28. ভাইরাসের নিউক্লিক এসিডের পরবর্তী আবরণটির নাম কি? [JU. 11-12]
A. ভাইরাস জিনোম B. ভিরিওন
C. ক্যাপসিড D. নিউক্লিওলাস **Ans C**
29. ভিরয়েড (viroid) এর গাঠনিক উপাদান কি? [JU. 11-12]
A. RNA ও প্রোটিন B. DNA ও প্রোটিন
C. DNA D. RNA **Ans D**
30. T₂ Bacteriophage এর DNA কোথায় থাকে? [JU. 11-12]
A. কলার B. মাথা
C. লেজ D. স্পর্শক তন্ত্র **Ans B**
31. HIV এর সর্ববহিষ্কৃত আবরণটির নাম কি? [JU. 11-12]
A. ফসফোলিপিড লেয়ার B. গ্লাইকোপ্রোটিন লেয়ার
C. ক্যাপসিড D. নিউক্লিওক্যাপসিড **Ans B**
32. HIV জিনোম কয়টি RNA সূত্রক সমন্বয়ে গঠিত? [JU. 11-12]
A. এক B. দুই C. তিন D. চার **Ans A**

33. ভ্যাকসিনিয়া ভাইরাসের পোষকদেহ কোনটি? [JU. 11-12]
A. মানুষ B. ইদুর C. গরু D. শুকর **Ans C**
34. Rabies virus সৃষ্টি রোগ কোনটি? [JU. 10-11]
A. পীতজ্বর B. হাম
C. জলাতঙ্ক D. সোয়াইন ফ্লু **Ans C**

STEP 03 ANALYSIS OF RU QUESTION

01. সোয়াইন ফ্লু রোগের জন্য দায়ী ভাইরাস কোনটি- [RU. Astrazeneca, Set-1. 20-21]
A. HIV B. Rubella C. H₁N₁ D. CMV
Ans C Why বার্ড ফ্লু ও সোয়াইন ফ্লু:

রোগের নাম	পোষক দেহ	ভাইরাসের নাম
বার্ড ফ্লু	হাঁস-মুরগি, পাখি	ইনফ্লুয়েঞ্জা (H ₂ N ₂) ভাইরাস
Swine flue	মানুষ, শূকর	ইনফ্লুয়েঞ্জা (H ₁ N ₁) ভাইরাস

02. ভাইরাসজনিত রোগ নয় কোনটি? [RU. Sinovac, Set-1. 20-21]
A. হাম B. ডেঙ্গু
C. জলবসন্ত D. টাইফয়েড
Ans D Why হাম, হার্পিস, ডেঙ্গু, বসন্ত, মাম্পস, এডিনো, ভাইরাল হেপাটাইটিস, বার্ডফ্লু/সোয়াইন ফ্লু, ইনফ্লুয়েঞ্জা, জলাতঙ্ক, পোলিও।
03. TMV ভাইরাস- [RU: SG-1,18-19, 11-12;JU. 14-15]
A. একসূত্রক DNA B. দ্বিসূত্রক DNA
C. একসূত্রক RNA D. দ্বিসূত্রক RNA **Ans C**
04. কোন জীবে উৎসেচক নেই? [RU. SG-2,18-19]
A. নীল সবুজ শৈবালে B. ছত্রাকে
C. ভাইরাসে D. লাইকেনে **Ans C**
05. T₂ Virus এর নিউক্লিক এসিড হচ্ছে- [RU: SG-2, 18-19]
A. DNA B. RNA
C. DNA এবং RNA D. অন্যান্য **Ans A**
06. পৈঁপের রিংস্পট রোগটির জন্য দায়ী ভাইরাস কোনটি? [RU. 17-18; JU. 16-17]
A. T₂ B. T₄ C. HIV D. PRSV-P **Ans D**
07. ভাইরাসের প্রোটিন আবরণকে কি বলা হয়? [RU:F2, 17-18]
A. ভিরয়েড B. প্রিয়ন
C. নিউক্লিওক্যাপসিড D. ভিরিয়ন **Ans C**
08. কোনটি ভাইরাসজনিত রোগ? [RU:G2, 17-18]
A. ডিপথেরিয়া B. পোলিও C. কলেরা D. টিটেনাস **Ans B**
09. কোন উদ্ভিদ ভাইরাসে DNA থাকে? [RU:G, 16-17]
A. বিন মোজাইক B. টোবাকো মোজাইক
C. স্যাগারকেন মোজাইক D. ফুলকপির মোজাইক **Ans D**
10. ডেঙ্গু জ্বরের জীবাণু বহন করে- [RU. 16-17,08-09; IU. 00-01]
A. এনোফিলিস মশকী B. কিউলেব্র মশকী
C. এডিস মশকী D. মেনসনিয়া মশকী **Ans C**
11. ডেঙ্গু জ্বরের জন্য দায়ী ভাইরাস- [RU:F/C, 15-16]
A. Rabis Virus B. Rubeola Virus
C. Flavi Virus D. Yellow fever Virus **Ans C**
12. ভাইরাস কর্তৃক আক্রান্ত হলে মানবদেহের কোষ নিচের কোনটি দ্বারা প্রতিরোধ তৈরী করে? [RU. 13-14]
A. IgA B. ইমিউনোগ্লোবিউলিন
C. ইন্টারফেরন D. বায়োসেন্সর **Ans C**
13. ভাইরাসের জন্য নিম্নের কোনটি সঠিক? [RU. 12-13, DAT. 10-11]
A. পোষকের বাইরে নিষ্ক্রিয় B. প্রকরণ সৃষ্টি করে না
C. আবাসস্থল মৃত কোষ D. বিপাকীয় ক্রিয়া সংঘটিত হয় **Ans A**
14. সংক্রমণ ক্ষমতাবিহীন ভাইরাসকে কি বলে? [RU. 12-13]
A. জেনেটিক রিকম্বিনেশন B. নন-হিস্টোন প্রোটিন
C. নিউক্লিও ক্যাপসিড D. রুবিওলা **Ans C**

15. কোন্ বিজ্ঞানী সর্বপ্রথম ভাইরাস জনিত মোজাইক রোগের বর্ণনা করেন? [RU. 11-12]
A. মায়ার, ১৮৮৬ B. দিমিত্রি আইভানোভস্কী, ১৮৯২
C. স্ট্যানলি, ১৯৩৫ D. বাডেন, ১৯৩৭ [Ans A]
16. ভিরিয়ন কোন্ ধরনের ভাইরাস? [RU. 11-12]
A. সংক্রমণক্ষম B. সংক্রমণ ক্ষমতাহীন C. নিরপেক্ষ D. কোনটি নয় [Ans A]
17. মানুষ পোষক দেহ নয় কোন ভাইরাসের? [RU. 11-12]
A. HIV B. ভেরিওলা C. TMV D. রুবিওলা [Ans C]
18. তামাক পাতার মোজাইক রোগের বর্ণনা দেন কোন্ বিজ্ঞানী? [RU. 11-12]
A. এডলফ মেয়ার B. আইওয়ানস্কি
C. রবার্ট কর্ক D. লুইপাস্তর E. আইনষ্টাইন [Ans A]
19. কালাজ্বর- [RU:G, 11-12]
A. ব্যাকটেরিয়া জনিত রোগ B. ভাইরাস জনিত রোগ
C. প্রোটোজোয়া জনিত রোগ D. ছত্রাকজনিত রোগ [Ans C]
20. মানুষ পোষক দেহ নয় কোন ভাইরাসের- [RU:C, 11-12]
A. HIV B. TMV C. ভেরিওলা D. রুবিওলা [Ans B]
21. পরজীবিতা কি? [RU:F, 11-12]
A. উভয় প্রজাতির জীবের ক্ষতি হয় B. কোন প্রজাতির জীবের ক্ষতি হয় না
C. উভয় প্রজাতির জীবের লাভ হয় D. কোনটিই নয় [Ans D]
22. কোন্টি Spherical ভাইরাস? [RU. 11-12, 10-11]
A. HIV B. হার্পিস C. ইনফ্লুয়েঞ্জা D. মাপস ভাইরাস [Ans A]
23. অ্যান্ড্রাক্স রোগ সৃষ্টিকারী অণুজীবের আবিষ্কারক কে? [RU:F, 10-11]
A. আলেকজান্ডার B. লুই পাস্তর C. ল্যামার্ক D. ডারউইন [Ans B]
24. DNA এবং RNA একত্রে থাকে না কোথায়? [RU:G, 10-11]
A. ব্যাকটেরিয়া B. ছত্রাক C. ভাইরাস D. নোমোটোড [Ans C]
25. কোন ফুলের সৌন্দর্য বৃদ্ধিতে ভাইরাসের ভূমিকা রয়েছে- [RU. 09-10]
A. চন্দ্রমল্লিকা B. টিউলিপ C. ক্যালেনডুলা D. পপি [Ans B]
04. করোনা ভাইরাস এক ধরনের- [CU-A, Shift-2. 20-21]
A. দ্বিসূত্রক DNA ভাইরাস B. একসূত্রক RNA ভাইরাস
C. দ্বিসূত্রক RNA ভাইরাস D. একসূত্রক DNA ভাইরাস
[Ans B Why] করোনা এক প্রকার SARS ভাইরাস যা মানবদেহের স্বসনতন্ত্রে আক্রমণ করে। এটি একসূত্রক RNA ধারণ করে।
05. কোনটি নগ্ন RNA ভাইরাস [CU.18-19]
A. Viroid B. Prion
C. T-Bacteriophage D. Lambda virus [Ans A]
06. ভাইরাসের জন্য প্রোটিন আবরণকে কী বলা হয়? [CU. 17-18]
A. ভিরয়েড B. প্রিয়ন
C. নিউক্লিও ক্যাপসিড D. ভিরিয়ন [Ans B]
07. প্রিয়নস্ কি? [CU. 15-16]
A. RNA B. DNA C. প্রোটিন
D. ভাইরাস E. রোগ সৃষ্টিকারী প্রোটিন [Ans E]
08. নিউক্লিক এসিড ধরন অনুসারে ভাইরাস কত প্রকার? [CU:H, 10-11]
A. ৬ B. ৩ C. ২ D. ১ [Ans C]
09. কোন ভাইরাস এ প্রোটিন আবরণ থাকে না? [CU:F, 10-11]
A. TMV B. PSV C. T₂ D. HIV [Ans B]
10. প্যাপিলোমা ভাইরাস কোন ধরনের রোগের জন্য দায়ী? [CU. 10-11]
A. ফু B. ক্যান্সার
C. জন্ডিস D. পোলিও E. হাম [Ans B]
11. T₂-Bacteriophage কী? [CU. 10-11]
A. Protozoa B. Fungus
C. Bacteria D. Nostoc E. Virus [Ans E]
12. প্রত্যেক ভাইরাসে কয় ধরনের নিউক্লিক এসিড থাকে? [CU. 08-09; JSTU. 12-13]
A. ১ B. ২ C. ৩ D. ৪ E. ৫ [Ans A]
13. ভাইরাস এক প্রকার- [CU. 04-05]
A. প্রাণী B. উদ্ভিদ C. ব্যাকটেরিয়া D. জীব [Ans D]
14. ভাইরাসে কোন পদার্থ সমূহ সবসময় পাওয়া যায়? [CU. 01-02]
A. DNA ও RNA B. RNA ও প্রোটিন
C. DNA ও প্রোটিন D. প্রোটিন ও নিউক্লিক এসিড [Ans D]

STEP 04 ANALYSIS OF CU QUESTION

01. সংক্রমণ ক্ষমতা সম্পন্ন ভাইরাস কণাকে কি বলে? [CU-A, Shift-4. 20-21]
A. ভিরিয়নস B. ভিরয়েডস C. প্রিয়নস D. নিউক্লিওক্যাপসিড

[Ans A Why] ভিরিয়ন, ভিরয়েড ও প্রিয়ন এর মধ্যকার তুলনা:

ভিরিয়ন (ভাইরাস)	ভিরয়েড	প্রিয়ন
RNA অথবা DNA থাকে	RNA থাকে, DNA থাকে না	নিউক্লিক এসিড থাকে না
প্রোটিন থাকে	প্রোটিন থাকে না	শুধু প্রোটিন থাকে
উদ্ভিদ ও প্রাণীদের রোগ সৃষ্টি করে	শুধু উদ্ভিদে রোগ সৃষ্টি করে	শুধু প্রাণীর রোগ সৃষ্টি করে

02. নিচের কোনটি DNA ভাইরাস? [CU-A, Shift-2. 20-21]
A. রেবিস B. ইনফ্লুয়েঞ্জা C. ভ্যাক্সিনিয়া D. ইবোলা

[Ans C Why] অধিকাংশ প্রাণী ভাইরাস (ইনফ্লুয়েঞ্জা, পোলিও র্যাবিস, HIV ব্যতিক্রম), সা্যানোফায় ও ব্যাকটেরিওফায়ে DNA থাকে।

ছন্দ	টিপুর	ভাই	টিটু	ভ্যানিলা	হতে	ফ্রাণে	এলো
উদাহরণ	TIV	ভ্যারিওলা	T ₂	ভ্যাক্সিনিয়া	হার্পিস, হেপাটাইটিস বি	ফুলকপি	এডিনো

03. কোনটি বার্ড ফ্লু ভাইরাস? [CU-A, Shift-1. 20-21]
A. H₅N₁ B. B₃N₃ C. B₃F₁ D. B₁F₂

[Ans A Why] বার্ড ফ্লু ও সোয়াইন ফ্লু:

রোগের নাম	পোষক দেহ	ভাইরাসের নাম
বার্ড ফ্লু	হাঁস-মুরগি, পাখি	ইনফ্লুয়েঞ্জা (H ₅ N ₁) ভাইরাস
Swine flue	মানুষ, শূকর	ইনফ্লুয়েঞ্জা (H ₁ N ₁) ভাইরাস

STEP 05 ANALYSIS OF DU-7 Clg QUESTION

01. নিপা ভাইরাসের বাহক কে? [DU. 7Clg-A: 20-21]
A. মশা B. মুরগি C. মাছ D. বাদুর

[Ans D Why] নিপা ভাইরাস: নিপা ভাইরাস Paramyxoviridae পরিবারভুক্ত একটি RNA ভাইরাস যার গণ নাম Henipavirus। স্বসন জটিলতায় মানুষ ও গৃহপালিত পশুপাখির মৃত্যু ঘটে।

02. ডেঙ্গু জ্বরের জন্য দায়ী ভাইরাস কোনটি? [DU. 7Clg-A: 20-21]
A. Rhino Virus B. Variola Virus
C. Flavi virus D. H₁N₁

[Ans C Why] ডেঙ্গু জ্বর সম্পর্কিত তথ্য:

- ভাইরাসের নাম ফ্লাভি ভাইরাস বা ডেঙ্গী ভাইরাস।
- এটি একটি RNA ভাইরাস।
- এই ভাইরাসের বাহক Aedes Aegypti L, Aedes Albopictus নামক মশকী।

03. টোবাকো মোজাইক ভাইরাসের আকার কোন ধরনের? [DU-7Clg: 19-20]
A. দণ্ডাকার B. গোলাকার C. বহুভুজাকার D. ডিম্বাকার

[Ans A Why] ভাইরাসের প্রকারভেদ:

প্রকারভেদ	ভাইরাস
দণ্ডাকার	টোবাকো মোজাইক ভাইরাস, মাম্পস ভাইরাস
গোলাকার	পোলিও ভাইরাস, ডেঙ্গী ভাইরাস, HIV
বহুভুজাকার	ভ্যাকসিনিয়া ভাইরাস, হার্পিস ভাইরাস।
ডিম্বাকার	ইনফ্লুয়েঞ্জা ভাইরাস।

STEP 06 ANALYSIS OF GST QUESTION

01. পোষক কোষের কোথায় ভাইরাসের প্রোটিন সংযুক্ত হয়? [GST-A. 20-21]
 A. রিসেপ্টর সাইট B. নিউক্লিয়াস
 C. সাইটোপ্লাজম D. নিউক্লিয়ার মেমব্রেন

Ans A Why প্রকৃতপক্ষে কোনো ভাইরাসের প্রোটিন আবরণটিই নির্ণয় করে তার আক্রমণের সুনির্দিষ্টতা (specificity)। পোষক কোষে কোনো ভাইরাস-প্রোটিনের জন্য রিসেপ্টর সাইট থাকলে তবেই ঐ ভাইরাস ঐ পোষক কোষকে আক্রমণ করতে পারবে। এ জন্যই ঠাণ্ডা লাগার ভাইরাস শ্বাসতন্ত্রের মিউকাস মেমব্রেন কোষকে আক্রমণ করতে পারে, চিকেন পক্স ভাইরাস ত্বক কোষকে আক্রমণ করতে পারে, পোলিও ভাইরাস শ্বাসনালী ও অন্ত্রের আবরণ কোষ, কখনো ন্নায়ু কোষকে আক্রমণ করতে পারে।

PART A Analysis of General University Question**JnU**

01. কোন ভাইরাসের আক্রমণে দেহের কোষ ফেটে যায়? [JnU. 16-17; KU. 18-19]
 A. HIV ভাইরাস B. Polio ভাইরাস
 C. Ebola ভাইরাস D. Dengue ভাইরাস **Ans C**
02. রিভার্স ট্রান্সক্রিপ্টেজ এনজাইম কার্যকর হয় কোনটির ক্ষেত্রে? [JnU: 13-14]
 A. টোব্যাকো মোজাইক ভাইরাস
 B. T₂- ব্যাকটেরিওফায়
 C. HIV (Human Immunodeficiency Virus)
 D. ইনফ্লুয়েঞ্জা ভাইরাস **Ans C**
03. ভিরিয়ন গঠিত হয় : [JnU. 10-11]
 A. প্রোটিন B. প্রোটিন ও লিপিড
 C. নিউক্লিক এসিড D. নিউক্লিক এসিড ও প্রোটিন **Ans D**
04. Bird Flu রোগ কিসের দ্বারা হয়? [JnU. 09-10]
 A. Virus B. Bacteria C. Fungi D. Parasite **Ans A**
05. নিম্নের কোনটি ভাইরাসজনিত রোগ নয়? [JnU. 09-10]
 A. পোলিও B. কলেরা C. ইনফ্লুয়েঞ্জা D. AIDS **Ans B**

KU

01. নিউক্লিক এসিড এবং ক্যাপসিড নিয়ে গঠিত সংক্রমনক্ষম ভাইরাস কণাকে কি বলে? [KU. 19-20]
 A. ভিরয়েড B. ভিরিওন C. প্রিয়ন D. নিউক্লিয়োক্যাপসিড
Ans B Why • ভিরয়েড: ভিরয়েড হলো সংক্রামক RNA, যা ক্ষুদ্রতম ভাইরাস থেকেও বহুগুণে ক্ষুদ্র।
 • প্রিয়ন : সংক্রামক প্রোটিন ফাইব্রিল হলো প্রিয়ন।
 • নিউক্লিয়োক্যাপসিড : সংক্রমন ক্ষমতাবিহীন ভাইরাসকে বলা হয় নিউক্লিয়োক্যাপসিড।
02. ডেঙ্গু জ্বরে আক্রান্ত রোগীর রক্তে কোনটির উপস্থিতি পাওয়া যায়? [KU. 19-20]
 A. IgA B. IgK C. IgM D. IgE
Ans C Why ডেঙ্গু জ্বরে আক্রান্ত রক্তে IgM অ্যান্টিবডি উপস্থিতি থাকতে পারে অথবা তীব্র সংক্রামিত রক্তে অ্যান্টিবডি পরিমাণ চারগুণ পর্যন্ত বৃদ্ধি পেতে পারে।
03. টোব্যাকো মোজাইক ভাইরাসের আবিষ্কারক- [KU. 17-18]
 A. A Jenner B. N. Ivanovsky
 C. K. Mayer D. K. Lowff **Ans B**
04. একটি সূত্রাকার (Filamentous) ভাইরাসের উদাহরণ হলো- [KU. 14-15]
 A. Ebola B. T₂-Phage C. TMV D. HIV **Ans A**
05. Ebola ভাইরাসের আক্রমণে কি হয়? [KU. 14-15]
 A. রক্ত কণিকা ফেটে যায় B. স্নায়ুকোষ ফেটে যায়
 C. দেহ কোষ ফেটে যায় D. মস্তিষ্কের ক্ষতি হয় **Ans C**
06. ভাইরাস কণার কেন্দ্রীয় অংশটি কোন এসিড দিয়ে তৈরি? [KU. 09-10]
 A. নিউক্লিক এসিড B. এসেটিক এসিড
 C. ফরমিক এসিড D. কোনটিই নয় **Ans A**

07. কোনটি ভাইরাসের বৈশিষ্ট্য নয়? [KU. 08-09]
 A. নির্দিষ্ট কোষ নাই
 B. DNA ও RNA আছে
 C. বিপাকীয় এনজাইম আছে
 D. জীব কোষের অভ্যন্তরে বংশবৃদ্ধি করতে পারে **Ans C**

CoU

01. ডেঙ্গু ভাইরাস এর আকৃতি কেমন? [CoU: A, 19-20]
 A. গোলাকার B. দন্ডাকার
 C. ডিম্বাকার D. ঘনক্ষেত্রাকার
Ans A Why গোলাকার ভাইরাসের উদাহরণ: ডেঙ্গু, পোলিও, TIV, HIV

IU

01. উদ্ভিদ ভাইরাস- [IU. 19-20]
 A. HIV B. Influenza C. Polio D. TMV
Ans D Why ভাইরাসের প্রকারভেদ:

প্রকারভেদ	উদাহরণ
উদ্ভিদ ভাইরাস	TMV, Bean Yellow Virus
প্রাণী ভাইরাস	HIV, ভ্যাক্সিনিয়া ভাইরাস
ব্যাকটেরিওফায়	T ₂ , T ₄ , T ₆ ব্যাকটেরিওফায়
সায়ানোফায়	LPP ₁ , LPP ₂

02. সমগোত্রীয় নয়- [IU.18-19; MAT. 16-17]
 A. Yellow fever B. Typhoid fever
 C. Influenza fever D. Dengue fever **Ans B**
03. DNA ভাইরাস- [IU. 18-19]
 A. রেবিস B. ইনফ্লুয়েঞ্জা C. ভ্যাক্সিনিয়া D. ইবোলা **Ans C**
04. ভাইরাসে থাকে- [IU. 16-17]
 A. RNA B. DNA
 C. DNA বা RNA D. DNA ও RNA **Ans C**
05. কোনটি উদ্ভিদ ভাইরাসের উদাহরণ নয়? [IU. 15-16]
 A. T₂ B. HIV C. TMV D. LPP₂ **Ans B**
06. নিম্নের কোনটিতে বিপাকীয় ক্রিয়া সংগঠিত হয় না- [IU. 12-13; RU:G, 10-11]
 A. ছত্রাকে B. কৃমিতে
 C. ব্যাকটেরিয়াতে D. ভাইরাসে **Ans D**
07. ভাইরাস কি? [IU. 04-05]
 A. এক ধরণের প্রাণী B. এক ধরণের উদ্ভিদ
 C. এক প্রকারের অতি ক্ষুদ্র ব্যাকটেরিয়া D. কোনটিই নয় **Ans D**

BRUR

01. Who said "A virus is a virus"? [BRUR. 12-13]
 A. Dr W.M. Stanley B. F.M. Bawden
 C. K. Lwoff D. N.W. Pirie **Ans C**

PART B Analysis of Science & Technology Question**SUST**

01. ডেঙ্গু রোগের জন্য দায়ী ভাইরাসটি হলো- [SUST: Unit-A, 19-20]
 A. এইচআইভি B. ফ্ল্যাভি
 C. নিপাহ D. ইবোলা E. হেপাটাইটিস বি
Ans B Why ডেঙ্গু (প্রকৃত উচ্চারণ ডেঙ্গী) একটি ভাইরাসঘটিত রোগ। এই ভাইরাসের জীবাণুর নাম ফ্ল্যাভিভাইরাস বা ডেঙ্গী ভাইরাস। এটি একটি RNA ভাইরাস। এই ভাইরাসের বাহক হলো *Aedes aegypti* L. নামক মশকী (স্ত্রী মশা) আর এর পোষক দেহ হলো মানুষ। প্রতি বছর সারা বিশ্বে প্রায় ১০ কোটি মানুষ ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়।

02. কোনটি অন্তকোষীয় প্রকৃত পরজীবী নয়? [SUST. 17-18]
A. HIV B. HPV
C. HBV D. HSV E. HEC [Ans A]
03. যে চক্রের মাধ্যমে নতুন ব্যাকটেরিওফায় সৃষ্টি হয় তাকে বলে- [SUST:A, 15-16]
A. Life cycle B. Lytic cycle
C. Isogenic cycle D. Calvin cycle E. Pre-existing cycle [Ans B]
04. রিভার্স ট্রান্সক্রিপটেজ কোথায় থাকে? [SUST. 12-13, 13-14; JnU. 13-14]
A. ভাইরাস /HIV B. ব্যাকটেরিয়া/TMV
C. স্পাইরোগাইরা/T₂ phage D. প্রাণি/Influenza
E. উদ্ভিদ ও প্রাণি [Ans A]

JUST

01. ডেঙ্গু ভাইরাস এন্টিজেন NS₁ এর পূর্ণ অর্থ কোনটি? [JUST: Unit-B, 19-20]
A. Neutral Structural Protein 1
B. Normal Structural Protein 1
C. Non-Structural Protein 1
D. Natural Structural Protein 1
[Ans C Why] NS₁ দ্বারা মশকীর সংক্রমণের ফলে ক্ষরিত হওয়া প্রোটিন শনাক্ত করার মাধ্যমে ডেঙ্গু শনাক্ত করা হয়।
02. নিম্নের কোনটি এন্টিজেন হিসেবে কাজ করে? [JUST. 17-18]
A. ক্যাপসিড B. এনভেলপ
C. নিউক্লিয়াস D. গ্লাইকোপ্রোটিন [Ans A]
03. Virus সৃষ্ট রোগ নয় কোনটি? [JUST:C,15-16]
A. হুপিং কাশি B. ইনফ্লুয়েঞ্জা
C. ডেঙ্গু D. হাম E. হার্পিস [Ans A]
04. হেপাটাইটিস-সি ভাইরাস আবিষ্কৃত হয় কোন সালে? [JUST. 15-16]
A. 1902 B. 1989
C. 2000 D. 1937 [Ans B]
05. সর্বাপেক্ষা ক্ষুদ্র ভাইরাস কোনটি? [JUST. 11-12]
A. TMV B. র্যাবডো
C. পোলিও D. HIV [Ans C]

MBSTU

01. কোন ভাইরাসের সংক্রমণে দেহের কোষ ফেটে যায়? [MBSTU: Unit-B, 19-20]
A. ডেঙ্গু B. ইনফ্লুয়েঞ্জা
C. ইবোলা D. নিপা
[Ans C Why] ইবোলা ভাইরাস একসূত্রক RNA দ্বারা গঠিত। ইবোলা একটি মারাত্মক মারণ ভাইরাস। ইবোলা ভাইরাসের আক্রমণে দেহের কোষ ফেটে যায়। চোখ, নাক, কান ও গলার রক্তক্ষরণ হয়। স্পর্শের মাধ্যমেই নতুন ব্যক্তি আক্রান্ত হয় এবং আক্রান্ত হওয়ার ২-২১ দিনের মধ্যে রোগীতে লক্ষণ প্রকাশ পায়।
02. নিচের কোনটি ভাইরাস বাহিত রোগ নয়? [MBSTU: Unit-B, 19-20]
A. Dengue B. AIDS C. Typhoid D. Influenza
[Ans C Why] • ভাইরাস বাহিত রোগ: বসন্ত, হাম, পোলিও, ডেঙ্গু, ইনফ্লুয়েঞ্জা, জলাতঙ্ক, চিকুনগুনিয়া ইত্যাদি।
• ব্যাকটেরিয়া বাহিত রোগ: টাইফয়েড, যক্ষা, কলেরা, নিউমোনিয়া, ডিপথেরিয়া, আমাশয়, টিটেনাস ইত্যাদি।
03. Dengue সংক্রমণের Diagnostic Marker কোনটি? [MBSTU: Unit-B, 19-20]
A. NS₁ B. Nucleocapsid C. HA D. E
[Ans A Why] NS₁ দ্বারা মশকীর সংক্রমণের ফলে ক্ষরিত হওয়া প্রোটিন শনাক্ত করার মাধ্যমে ডেঙ্গু শনাক্ত করা হয়।
04. টোবাকো মোজাইক ভাইরাস প্রোটিনের পরিমাণ কত? [MBSTU:B, 16-17]
A. ৯৫% B. ৯০% C. ৫০% D. ৫% [Ans A]
05. ভাইরাসের গড় ব্যাস কত? [MBSTU: 15-16]
A. 8-100 ন্যানোমিটার B. 8-200 ন্যানোমিটার
C. 8-300 ন্যানোমিটার D. 8-3000 ন্যানোমিটার [Ans C]

06. ভাইরাস শব্দের অর্থ কোনটি? [MBSTU:B, 15-16; CU: 11-12]
A. জীবাণু B. বিষ
C. আক্রমণকারী D. অনাআক্রমণকারী [Ans B]
07. কোন রোগটি ভাইরাস জনিত নয়? [MBSTU. 13-14; DU. 08-09]
A. Mumps B. AIDS
C. Measles D. Tuberculosis [Ans D]
08. ফুট ও মাউথ ভাইরাস পাওয়া যায়- [MBSTU. 12-13]
A. ইঁদুর B. মানুষ
C. গরু D. কোনটিই নয় [Ans C]

BSMRSTU

01. ডেঙ্গী ভাইরাস এর বাহক? [BSMRSTU: Unit-C; 19-20]
A. *Aedes aegypti* B. *Aedes albopictus*
C. উভয়ই D. কোনটিই নয়
[Ans C Why] ডেঙ্গু একটি RNA ভাইরাস ঘটিত রোগ। এই ভাইরাসের জীবাণুর নাম ফ্ল্যাভিভাইরাস বা ডেঙ্গী ভাইরাস। এই ভাইরাসের বাহক হলো *Aedes aegypti* ও *Aedes albopictus* নামক মশকী আর এর পোষক দেহ হলো মানুষ।
02. টিউলিপ ফুলের পাপড়িতে বর্ণবৈচিত্র্য সৃষ্টি করে কোন অণুজীব? [BSMRSTU: Unit-H; 19-20; JU: 17-18]
A. ভাইরাস B. ব্যাকটেরিয়া
C. ছত্রাক D. অন্যান্য
[Ans A Why] লাল টিউলিপ ফুলে ভাইরাস আক্রমণের ফলে লম্বা লম্বা সাদা দাগ পড়ে। একে ব্রোকেন টিউলিপ বলে। এর ফলে ফুলের সৌন্দর্য বৃদ্ধি পায় এবং মূল্য বেড়ে যায়।
03. এনভেলপ কোনটিতে থাকে? [BSMRSTU: Unit-H; 19-20]
A. লিপো ভাইরাস B. হার্পিস ভাইরাস
C. ওরফ ভাইরাস D. পলিওমা ভাইরাস
[Ans B Why] এনভেলপযুক্ত ভাইরাস-ইনফ্লুয়েঞ্জা, হার্পিস, HIV, করোনা ভাইরাস।
04. কোন উদ্ভিদ ভাইরাসে ডিএনএ থাকে? [BSMRSTU:H, 18-19]
A. টোবাকো মোজাইক B. পটেটো মোজাইক
C. সুপারকেন মোজাইক D. ফুলকপির মোজাইক
[Ans D Why] এক নজরে DNA-virus:

টিপুর	ভাই	টিটু	ভ্যানিলা	হতে	ফ্রাণে	এল
Tiv	ভ্যারিওলা	T ₂	ভ্যাকসিনিয়া	হার্পিস + হেপাটাইটিস-বি	ফুলকপির মোজাইক	এডিনো

05. টোবাকো মোজাইক ভাইরাসে কতটি ক্যাপসোমিয়ার থাকে? [BSMRSTU:H, 18-19]
A. ২৩০০-২৫৮০ B. ২১৩০-২২০০
C. ২০৬০-২১৭০ D. ২৪১০-২৫০০
[Ans B Why] টোবাকো মোজাইক ভাইরাসে ২১৩০-২২০০টি ক্যাপসোমিয়ার থাকে। প্রতিটি ক্যাপসোমিয়ারে ১৫৮টি অ্যামিনো অ্যাসিড থাকে। ক্যাপসিডের অভ্যন্তরে একসূত্রক RNA কোর আছে।
06. যে ভাইরাসে RNA থাকে- [BSMRSTU. 17-18]
A. উদ্ভিদ ভাইরাস B. প্রাণী ভাইরাস
C. ভ্যারিওলা D. ব্যাকটেরিওফায় [Ans A]

PUST

01. অণুজীব এর উদাহরণ কোনটি নয়? [PUST. 12-13]
A. ব্যাকটেরিয়া B. এককোষী শৈবাল
C. ঙ্গস্ট D. বহুকোষীয় জীবের দেহকোষ [Ans D]

HSTU

01. ভাইরাসের গঠনে কোন জোড়টি সঠিক? [HSTU. 18-19; PSTU. 18-19]
A. প্রোটিন ও নিউক্লিক এসিড B. শর্করা ও নিউক্লিক এসিড
C. প্রোটিন ও অ্যামাইনো এসিড D. শর্করা ও অ্যামাইনো এসিড
[Ans A Why] ভাইরাস দুই প্রকার বস্তু দ্বারা গঠিত: (i) নিউক্লিক এসিড (DNA অথবা RNA) (ii) প্রোটিন (ক্যাপসিড তৈরি হয়)।

02. ভাইরাসের RNA কোনটি? [HSTU.14-15; CoU. 14-15; JVC. 17-18]
 A. mRNA B. tRNA
 C. rRNA D. gRNA

Ans D Why বিভিন্ন প্রকার RNA:

- **tRNA:** যে সব RNA জেনেটিক কোড অনুযায়ী একেকটি অ্যামিনো অ্যাসিডকে mRNA অনুতে স্থানান্তর করে।
- **mRNA:** যে সব RNA জিনের সংকেত অনুযায়ী প্রোটিন সংশ্লেষণের ছাঁচ হিসেবে কার্যকর হয়ে নির্দিষ্ট অ্যামিনো অ্যাসিড অনুক্রম বাছাই করে।
- **rRNA:** যে সব RNA রাইবোসোমের প্রধান গাঠনিক উপাদান কাজ করে।

জেনে রাখা ভালো: প্রতিটি কোষে প্রায় ৩১-৪২ ধরনের tRNA থাকে।

NSTU

01. কোনটি DNA ভাইরাসের উদাহরণ? [NSTU.14-15]
 A. TMV B. র্যাবিস C. মিজলস D. এডিনো **Ans D**
02. মানুষের শরীরে বসন্ত রোগ সৃষ্টিকারী ভাইরাসটির নাম কি? [NSTU.13-14]
 A. র্যাবিস B. ভেরিওলা C. রুবিওলা D. হারপিস

Ans B Why বিভিন্ন রোগ সৃষ্টিকারী ভাইরাস:

রোগের নাম	ভাইরাসের নাম	রোগের নাম	ভাইরাসের নাম
জলাতঙ্ক	র্যাবিস	গুটি বসন্ত	ভেরিওলা
জল বসন্ত	ভেরিসেলা জোস্টার	গো-বসন্ত	ভ্যাকসিনিয়া

PSTU

01. জিকা ভাইরাস রোগ ছড়ায় কিসের মাধ্যমে? [PSTU:B, 16-17]
 A. বাদুড় B. মশা C. মানুষ D. ইঁদুর **Ans B**

RMSTU

01. ভাইরাসের RNA কত সূত্রক? [RMSTU: C, 19-20]
 A. দ্বিসূত্রক B. একসূত্রক C. শূন্যসূত্রক D. ত্রিসূত্রক
Ans B Why ভাইরাসের RNA সাধারণত একসূত্রক। তবে Reoviridae গোত্রের (রিওভাইরাস, ধানের বামন রোগের ভাইরাস) ভাইরাসের RNA দ্বিসূত্রক (ব্যতিক্রম)।
02. HIV কোন ধরনের ভাইরাস? [RMSTU: C, 19-20]
 A. পোলিও ভাইরাস B. ইবোলা ভাইরাস
 C. রিট্রো ভাইরাস D. এডিনো ভাইরাস
Ans C Why রিট্রো ভাইরাস: এক ধরনের RNA ভাইরাস। যারা হোস্টকে আক্রমণ করার পর রিভার্স ট্রান্সক্রিপটেজ এনজাইমের সহায়তায় RNA কে DNA তে কনভার্ট করে। HIV একটি রিট্রো ভাইরাস।
03. কোন ধরনের ভাইরাস ডেঙ্গু জ্বরের জন্য দায়ী? [RMSTU: C, 19-20]
 A. ফ্ল্যাভি ভাইরাস B. নিপা ভাইরাস
 C. অ্যাডেনো ভাইরাস D. হারপিক ভাইরাস
Ans A Why ডেঙ্গু রোগের জীবাণুর নামে ফ্ল্যাভিভাইরাস যা ডেঙ্গু ভাইরাস নামেও পরিচিত। এটি একটি RNA ভাইরাস এবং এর গোত্রের নাম Flaviviridae। ডেঙ্গু ভাইরাসের বাহক হচ্ছে *Aedes aegypti* এবং *Ades albopictus* নামক মশকী।

STEP 07 ANALYSIS OF MEDICAL & DENTAL QUESTION

MAT

01. নিচের কোনটি DNA ভাইরাস? [MAT. 19-20]
 A. টোবাকো মোজাইক B. চিকুনগুনিয়া
 C. ডেঙ্গু D. হেপাটাইটিস বি
Ans D Why • RNA ভাইরাস : ডেঙ্গু, পোলিও, হেপাটাইটিস এ, হেপাটাইটিস সি, মাম্পস, র্যাবিস, চিকুনগুনিয়া, TMV ইত্যাদি।
 • DNA ভাইরাস : ভ্যাকসিনিয়া, হেপাটাইটিস B, ভ্যারিওলা, এডিনো হার্পিস সিমপ্লেস, TIV, T₂ ফায ইত্যাদি।

02. নিচের কোনটি RNA ভাইরাসের উদাহরণ নয়? [MAT. 18-19]
 A. Mumps virus B. Rabes virus
 C. Polio virus D. Variola virus **Ans D**
03. কোনটি ভাইরাস জনিত রোগ নয়? [MAT. 17-18, 07-08, 04-05, 94-95, 89-90; JUST. 15-16; SUST. 10-11; DAT. 04-05; RU. 15-16, 12-13, 04-05; JU. 09-10; BSMRSTU. 11-12; JKKNUI. 17-18]
 A. এইডস
 B. জলাতঙ্ক
 C. হেপাটাইটিস
 D. হুপিংকাশি/ ধনুটংকার/ ডিপথেরিয়া/পোলিও/ অ্যানথ্রাক্স/ টাইফয়েড/ কলেরা **Ans D**
04. সোয়াইন ফ্লু রোগের জন্য দায়ী ভাইরাস কোনটি? [MAT. 15-16]
 A. CMV B. HIV C. H₁N₁ D. রুবেলা **Ans C**
05. ডেঙ্গু রোগের ভাইরাসের নাম কি? [MAT. 14-15, 05-06; RU. 15-16, JU. 11-12]
 A. রুবিওলা/ ক্যালিসি ভাইরাস B. ফ্ল্যাভি ভাইরাস
 C. ভেরিওলা/ এন্টরো ভাইরাস D. হার্পিস সিমপ্লেস/ পটি ভাইরাস **Ans B**
06. বার্ড ফ্লু রোগের ভাইরাসের নাম কি?/বার্ড ফ্লু রোগ ছড়ায়?
 [MAT. 13-14; SUST. 11-12; RU. 09-10]
 A. ফ্ল্যাভি ভাইরাস B. ভেরিওলা
 C. H₃N₁ D. রুবিওলা **Ans C**
07. কোন্ ভাইরাসটি ঘনক্ষেত্রাকার আকৃতির? [MAT. 13-14]
 A. ভ্যাকসিনিয়া B. এনকেফালাইটিস টিউমার
 C. টোবাকো মোজাইক ভাইরাস D. মাম্পস **Ans A**
08. টুংরো ভাইরাস কোন গাছের রোগ সৃষ্টি করে?/টুংরো ভাইরাসের পোষক কোনটি?
 [MAT. 13-14; JU. 11-12; KU. 10-11, 09-10]
 A. তামাক B. কলা C. টমেটো D. ধান **Ans D**
